

🗏 আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | ٱلْإِنْسَان

আয়াতঃ ৭৬:১

💵 আরবি মূল আয়াত:

هَل اَتٰى عَلَى الإنسَانِ حِينٌ مِّنَ الدَّهرِ لَم يَكُن شَيئًا مَّذكُورًا ﴿١﴾

মানুষের উপর কি কালের এমন কোন ক্ষণ আসেনি যখন সে উল্লেখযোগ্য কিছুই ছিল না? — আল-বায়ান
মহাকালের মধ্য হতে মানুষের উপর কি এমন একটা সময় অতিবাহিত হয়নি যখন সে উল্লেখ করার যোগ্য কোন
বস্তুই ছিল না? — তাইসিরুল

কাল-প্রবাহে মানুষের উপর এক সময় অতিবাহিত হয়েছে যখন সে উল্লেখযোগ্য কিছু ছিলনা। — মুজিবুর রহমান Has there [not] come upon man a period of time when he was not a thing [even] mentioned? — Sahih International

- ১. কালপ্রবাহে মানুষের উপর কি এমন এক সময় আসে নি(১) যখন সে উল্লেখযোগ্য কিছুই ছিল না?(২)
 - (১) 山 回ব্যয়টি আসলে প্রশ্নবোধকরূপে ব্যবহৃত হয়। মাঝে মাঝে কোন জাজ্বল্যমান ও প্রকাশ্য বিষয়কে প্রশ্নের আকারে ব্যক্ত করা যায়, যাতে তার প্রকাশ্যতা আরও জোরদার হয়ে যায়। [ফাতহুল কাদীর] উদ্দেশ্য এই যে, যাকেই জিজ্ঞাসা করবে, সে এ উত্তরই দিবে, অপর কোন সম্ভাবনাই নেই।
 - (২) আয়াতের উদ্দেশ্য এই যে, মানুষের উপর এমন দীর্ঘ এক সময় অতিবাহিত হয়েছে, যখন পৃথিবীতে তার নামনিশানা এমন কি, আলোচনা পর্যন্ত ছিল না। আয়াতে বর্ণিত "যখন সে উল্লেখযোগ্য কিছু ছিল না" এর অর্থ বর্ণনায়
 কয়েকটি মত রয়েছে, এক. এখানে মানবসৃষ্টির পূর্বের অবস্থা ব্যক্ত করা হয়েছে। অর্থাৎ এ অন্তহীন মহাকালের
 মধ্যে একটি দীর্ঘ সময় তো এমন অতিবাহিত হয়েছে যখন মানব প্রজাতির আদৌ কোন অন্তিত্ব ছিল না। তারপর
 মহাকাল প্রবাহে এমন একটি সময় আসল যখন মানুষ নামের একটি প্রজাতির সূচনা করা হল। [কুরতুবী] দুই.
 সে একটি ধড় ছিল যার কোন নাম-নিশানা ছিল না। পরবর্তীতে রহ এর মাধ্যমে তাকে স্মরণীয় করা হয়েছে।
 [বাগভী; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (১) অবশ্যই মানুষের উপর এমন এক সময় এসেছিল, যখন সে উল্লেখযোগ্য কিছুই ছিল না। [1]
 - [1] لإنسان वादर्थ त्रातर्व الإنسان । वादर्थ त्रातर्व वाद्या वाद्या वाद्या वाद्या (আঃ)-কে বুঝিয়েছেন। আর عِيْنٌ (এক সময়) বলতে রূহ ফুঁকার পূর্বের কালকে বুঝানো হয়েছে, আর তা ছিল ৪০ বছর।



অধিকাংশ মুফাসসেরগণের নিকট 'মানুষ' শব্দটি শ্রেণীবাচক অর্থে ব্যবহার হয়েছে এবং তাঁরা حِیْنٌ (এক সময়) বলতে গর্ভধারণের সময়কে বুঝিয়েছেন। যখন সে উল্লেখযোগ্য কিছুই ছিল না। এতে আসলে মানুষকে সতর্ক করা হয়েছে যে, সে সুন্দর এক আকৃতি নিয়ে পৃথিবীতে আসার পর প্রতিপালকের সামনে অহংকার ও দাম্ভিকতা প্রদর্শন করে। তাকে তো নিজের অবস্থা স্মরণ রাখা উচিত যে, আমি তো সে-ই, যার কোন অন্তিত্ব ছিল না, তখন আমাকে কে চিনত?

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5592

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন